# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

## নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০২০.০৬.০০৫.১৭.৬৬২৫ তারিখঃ ১০/১২/২০২৪ খ্রিঃ

বিষয় : **২৫ নভেম্বর, ২০২৪ তারিখে অনুষ্ঠিত কাউন্সিলের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

তারিখ ও সময় : ২৫ নভেম্বর, ২০২৪, **সকালঃ** ১১.৩০ ঘটিকা।

স্থান : কনফারেন্স রুম - ০২, বিএআরসি।

উপস্থিতি : পরিশিষ্ট-ক।

**২.০ আলোচনা ও সিদ্ধান্তঃ**

সভার শুরুতে ড. মো: ছায়ফুল্লাহ , সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে চেয়ারম্যান মহোদয়কে সূচনা বক্তব্য প্রদানের আহ্বান জানান। নির্বাহী চেয়ারম্যান মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে তাঁর সূচনা বক্তব্য প্রদান করেন এবং পরিচালক (সাপোর্ট সার্ভিস)'কে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনার আহ্বান জানান। পরিচালক (সাপোর্ট সার্ভিস) সবাইকে স্বাগত জানিয়ে সভাপতির অনুমোদনক্রমে আলোচ্যসূচির উপস্থাপনা শুরু করেন। সভার শুরুতেই পরিচালক (সাপোর্ট সার্ভিস) গত ২৭ অক্টোবর, ২০২৪ তারিখে অনুষ্ঠিত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং বিভিন্ন বিষয়ের আলোচনা শেষে উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

| ক্র নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | নিয়োগ/ পদোন্নতি | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় সভাকে কাউন্সিলের নিয়োগ কার্যক্রমের বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত করেন। তিনি জানান যে, কৃষি মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়গুলো এখন পর্যন্ত নিয়োগ কার্যক্রম শুরু করেনি । কৃষি মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে নিয়োগ প্রক্রিয়া শুরু হবে। নিয়োগের ছাড়পত্রের মেয়াদ শেষ হলে মেয়াদ বাড়ানো হবে বলে জানান। | মন্ত্রণালয়ের সাথে যোগাযোগের মাধ্যমে নিয়োগ সংক্রান্ত ব্যবস্থা নেয়া হবে। | সদস্য পরিচালক (প্রশা. ও অর্থ) |
| ২. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রম সম্পর্কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, ২০২৪-২৫ অর্থ বছরের ২য় কোয়ার্টারের কাজ লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান রয়েছে। আগামী ডিসেম্বরের মধ্যেই ২য় কোয়ার্টারের কাজ সম্পন্ন হবে বলে জানান। এছাড়া সকল বিভাগ ও ইউনিটকে যথাসময়ে প্রতিবেদন জমা দেয়ার জন্য অনুরোধ করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩. | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, GRS, তথ্য অধিকার, সিটিজেন চার্টার ও E-Governance | এ বিষয়ে পরিচালক (সাপোর্ট সার্ভিস) সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ'কে তাদের কাজের অগ্রগতি সম্পর্কে সভাকে জানানোর জন্য আহ্বান জানান।<br><br>শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা তাঁর কাজের অগ্রগতি সম্পর্কে জানান যে, ২য় কোয়ার্টারের ২টি কার্যক্রম কিছুটা বাকি আছে। উক্ত কার্যক্রম আগামী ডিসেম্বর মাসের মধ্যে সম্পন্ন হবে বলে জানান।<br><br>GRS বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, ২য় কোয়ার্টারের কার্যক্রম চলমান রয়েছে এবং ২৬/১১/২০২৪ তারিখে এ বিষয়ে একটি প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br><br>E-Governance বিষয়ে এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, PDS (Personal Data Sheet)-এ কর্মকর্তা ও কর্মচারীদের সকল ধরনের ছুটির হিসাব অন্তর্ভুক্তির কাজ চলমান। এক্ষেত্রে সকল কর্মকর্তা কর্মচারী খুব সহজেই নিজেদের যে কোন ধরনের ছুটি সম্পর্কে PDS থেকে তথ্য জানতে পারবে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, তথ্য অধিকার, সিটিজেন চার্টার ও E-Governance এর সকল কাজ সময় অনুযায়ি গুরুত্ব সহকারে সম্পন্ন করতে হবে। | সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তথ্য অধিকার সম্পর্কে এর বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, ২য় কোয়ার্টারে ১টি সেমিনার সম্পন্ন হয়েছে এবং মন্ত্রণালয়ের সাথে একটি সভা অনুষ্ঠিত হয় যেখানে ১ম কোয়ার্টারের প্রতিবেদন আপলোডের সিদ্ধান্ত দেয়া হয়। এছাড়া বর্তমানে কোন কাজ চলমান নেই বলে সভাকে অবহিত করেন।<br><br>সিটিজেন চার্টার এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, ২য় কোয়ার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী ইতিমধ্যে পর্যালোচনা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সিটিজেন চার্টার বিষয়টি প্রান্তিকের শেষ মাসে অর্থাৎ ২৭ ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হবে। স্টেকহোল্ডার সভাটি ১৮ ডিসেম্বর, ২০২৪ তারিখ ইনহাউস এর পরিবর্তে বাইরে কোথাও সর্বোচ্চ সংখ্যক স্টেকহোল্ডার নিয়ে অনুষ্ঠিত হবে বলে জানান। এছাড়া সূচক অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। | | |
| ৪. | ওয়েবসাইট হালনাগাদ | পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বলেন, বিগত সভার ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন হয়েছে। এ বিষয়ে ডাটা এন্ট্রি অফিসার জনাব মোঃ রাশেদুল ইসলাম সভাকে জানান যে, ওয়েবসাইটের গুরুত্বপূর্ণ ডকুমেন্ট এর ভিতরে সবগুলো ডকুমেন্ট আপলোড করা হয়েছে এবং তিনি ওয়েবসাইটের কোথায় কিভাবে ডকুমেন্টগুলো রয়েছে তা সভায় উপস্থাপন করেন। | আলোচনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (কম্পিউটার ও জিআইএস) |
| | | ওয়েবসাইটের প্রশিক্ষন সাইটটিতে কাউন্সিলের প্রতিটি বিভাগ/ইউনিটের শিরোনামে তাদের সকল প্রশিক্ষনের তথ্য আপলোড ও আপডেট রাখতে হবে। | | |
| | | কর্মশালা ও সভার কার্যক্রম ওয়েবসাইটে যথাযথভাবে হালনাগাদ করতে হবে। | | |
| ৫. | অডিট আপত্তি | অডিট আপত্তির বিষয়ে পরিচালক (অর্থ) মহোদয় অবহিত করেন যে, ব্রোডশীট জবাবের ২টি আপত্তি এখনও নিষ্পন্ন হয়নি। বিগত সময়ের ১৪টি অডিট আপত্তি নিষ্পন্নের অপেক্ষায় আছে। ১৭/১১/২০২৪ তারিখ হতে অনুষ্ঠিত আর্থিক অডিট ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের হিসাবে ১০টি আপত্তি দিয়েছে। সদস্য পরিচালক (প্রশা. ও অর্থ) মহোদয় বলেন, পারফরমেন্স অডিটও ৮টি আপত্তি দিয়েছে। ফলে মোট আপত্তির সংখ্যা হয়েছে ৩২টি যা সংখ্যায় অনেক বেশি এবং সমাধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৩২টি অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (অর্থ) |
| ৬ | বিবিধ | পরিচালক (এআইসি) জানান, ডিজিটাল ডিসপ্লেগুলোতে ছবি ও ভিডিও প্রদর্শনীর বিষয়ে সকল ধরনের ছবি ও ভিডিও সরবরাহে তারা প্রস্তুত। নির্বাহী প্রকৌশলী জানান যে, ডিজিটাল ডিসপ্লেগুলো ইতিমধ্যে চালু করা হয়েছে। | ডিজিটাল ডিসপ্লেগুলোতে প্রতিদিনের ছবি ও ভিডিও প্রদর্শনীর ব্যবস্থা করতে হবে। | জুনিয়র বিবলিওগ্রাফিক অফিসার এবং প্রকৌশল শাখা |
| | | নির্বাহী চেয়ারম্যান মহোদয় প্রদর্শনী কেন্দ্রের অবস্থা যাচাই বাছাই করার জন্য শীঘ্রই কমিটি গঠন করার কথা বলেন। | প্রদর্শনী কেন্দ্রের অবস্থা যাচাই বাছাই করার জন্য কমিটি গঠন করতে হবে। | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান, কাউন্সিলের ১৮টি গাড়ির মধ্যে ১৩টি গাড়ির কাগজপত্র আপডেট করতে হবে এবং সেগুলো বিএআরসি'র রাজস্ব খাতে ক্রয় দেখানো আছে। পরিচালক (সাপোর্ট সার্ভিস) বলেন, ১৩টি গাড়ির ফিটনেস করা হয়েছে এবং মিনিবাস দুটি নিয়ে জটিলতা আছে এবং তা সমাধানের কথা জানান। তিনি আরও বলেন, বাকি ৩টি গাড়ি প্রকল্পের বিধায় এআইটি ব্যতীত ফিটনেস করানো সম্ভব হচ্ছে না। এই ৩টি গাড়ি কিভাবে ব্যবহারযোগ্য করা যায় সে বিষয়ে বিষদ | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) প্রকল্পের ৩টি গাড়ির ফিটনেস ঠিক রাখার ব্যাপারে ব্যাপারে প্রচেষ্টা গ্রহণ | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আলোচনা হয়। সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান, নতুন ২টি গাড়ি ক্রয়ের পরিকল্পনা চলছে। চেয়ারম্যান মহোদয় অব্যবহৃত গাড়িগুলো সচল রাখার ব্যাপারে পরামর্শ দেন। | করতে হবে। | |
| | | পরিচালক (কম্পি. ও জিআইএস) ৪০টি এক্সেস পয়েন্টে ওয়াইফাই এর স্পিড এর কাজ সম্পন্ন হয়েছে বলে জানান। | | |
| | | পরিচালক (সাপোর্ট সার্ভিস) প্রকৌশল শাখার সহায়তায় কাউন্সিলের প্রধান ভবন ও প্রশাসন ভবনে ২টি ডিজিটাল হাজিরা স্থাপন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। প্রশিক্ষণ ভবন, এআইসি ভবন এবং প্রধান ভবন এর এক্সেস প্রধান ভবনে এবং অর্থ এবং প্রশাসন ভবনের এক্সেস প্রশাসন ভবনে দেয়া হয়েছে। | ১লা জানুয়ারি, ২০২৫ হতে ডিজিটাল হাজিরা চালু করা হবে। | পরিচালক (সাপোর্ট সার্ভিস) |
| | | নির্বাহী প্রকৌশলী টেলিফোন নম্বর আপডেট করে কম্পি. ও জিআইএস ইউনিটে প্রদান করা হয়েছে এবং ওয়েবসাইটে আপডেট করা হয়েছে। অপটিক্যাল ফাইবার কাটা পরার দরুণ বর্তমানে টেলিফোন লাইনে সমস্যা হচ্ছে বলে জানান। | | |
| | | পরিচালক (কম্পি. ও জিআইএস) জনাব হাসান মোঃ হামিদুর রহমান এবং প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য) ড. মোহাম্মদ রেজওয়ান মোল্লা তাদের সাম্প্রতিক বিদেশ ভ্রমণের প্রতিবেদন প্রেজেন্টেশন আকারে পেশ করেন। | | |
| | | পরিচালক (এআইসি) মহোদয় ইনফরমেশন অফিসারের কাজ সহজীকরণ এবং সকলকে সঠিক ও যথাযথ তথ্য প্রদানের লক্ষ্যে সকল কর্মশালা ও প্রোগ্রামে তার উপস্থিতি নিশ্চিতকরণের প্রস্তাব রাখেন। | | সকল ইউনিট ও বিভাগ প্রধান |
| | | নির্বাহী চেয়ারম্যান মহোদয় ডি-নথির প্রশিক্ষন প্রোগ্রামে অংশগ্রহনকারী সকলেই যেন সার্বক্ষনিক উপস্থিত থাকে সেদিকে খেয়াল রাখার কথা বলেন। বিভিন্ন প্রজেক্ট ও বিএআরসি'র সমন্বিত প্রয়াসে বাস্তবায়িত এবং মাঠ পর্যায়ে ব্যবহৃত বেশ জনপ্রিয় প্রযুক্তিসমূহের সমন্বয়ে একটি প্রতিবেদন প্রকাশের প্রস্তাব করেন। তিনি আরও বলেন, বিএআরসি'র সকল বিভাগ ও ইউনিট সহমর্মিতার সহিত তাদের দায়িত্ব পালন করবে এবং সকলের মধ্যে ঐক্যবোধ থাকতে হবে। | প্রতিবেদন প্রকাশের জন্য কমিটি গঠন করতে হবে। | পরিচালক (এআইসি) |

আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১২/২০২৪
(মোঃ আব্দুল মোত্তাকিন)
পরিচালক (সাপোর্ট সার্ভিস)
ও
সদস্য সচিব
কাউন্সিল মাসিক পর্যালোচনা সভা

১০/১২/২৪
(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারম্যান (রু.দা.)
ও
সভাপতি
কাউন্সিল মাসিক পর্যালোচনা সভা

কার্যার্থে বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

ক্র. নং নাম, পদবী ও ঠিকানা

১. ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) বিএআরসি, ঢাকা।
২. ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) বিএআরসি, ঢাকা।
৩. ড. মোঃ মোশাররফ উদ্দিন মোল্লা, সদস্য পরিচালক (এইআরএস) (চ. দা) বিএআরসি, ঢাকা।
৪. জনাব অজিত কুমার চক্রবর্তী,সদস্য পরিচালক (মৎস্য) ও পরিচালক (অর্থ) (অ.দা.), বিএআরসি, ঢাকা।
৫. ড. মোঃ বক্তীয়ার হোসেন, সদস্য-পরিচালক (এনআরএম), বিএআরসি ক্যাম্পাস, ঢাকা।
৬. জনাব মোঃ আব্দুল মোত্তাকিন, পরিচালক (সাপোর্ট সার্ভিস), বিএআরসি, ঢাকা।
৭. জনাব হাসান মোঃ হামিদুর রহমান, পরিচালক (কম্পিউটার ও জিআইএস ইউনিট), বিএআরসি, ঢাকা।
৮. ড. মোঃ হারুনূর রশীদ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য) ও পরিচালক (সার্ক কৃষি কেন্দ্র), বিএআরসি, ঢাকা।
৯. ড. মোঃ রফিকুল ইসলাম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রাণিসম্পদ), বিএআরসি, ঢাকা।
১০. ড. শাহ মোঃ মনির হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
১১. জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, প্রধান কারিগরি কর্মকর্তা ও পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ) বিএআরসি, ঢাকা।
১২. ড. সুস্মিতা দাস, প্রিন্সিপাল ডকুমেন্টেশন অফিসার, বিএআরসি, ঢাকা।
১৩. ড. সুরাইয়া পারভীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (টিটিএমইউ) ও পরিচালক (টিটিএমইউ) (চ.দা.) বিএআরসি, ঢাকা।
১৪. জনাব হাসান মাহমুদ, সিনিয়র সিস্টেম এনালিষ্ট (কম্পিউটার ও জিআইএস ইউনিট), বিএআরসি, ঢাকা।
১৫. ড. মোঃ আশরাফুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ণ), বিএআরসি, ঢাকা।
১৬. ড. মোঃ গোলাম মাহবুব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (বন), বিএআরসি, ঢাকা।
১৭. ড. মোঃ মাহফুজ আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
১৮. ড. এ বি এম খালদুন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ণ), বিএআরসি, ঢাকা।
১৯. ড. আলী আকবর ভূইয়া, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রাণিসম্পদ), বিএআরসি, ঢাকা।
২০. ড. ফরিদুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা), বিএআরসি, ঢাকা।
২১. ড. আবুল ফাত্তা মোহাম্মদ তারিকুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষি প্রকৌশল), বিএআরসি, ঢাকা।
২২. ড. মোঃ আশরাফুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (কৃষি প্রকৌশল), বিএআরসি, ঢাকা।
২৩. ড. মোঃ আব্দুস সালাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (এইআরএস), বিএআরসি, ঢাকা।
২৪. ড. যাকীয়াহ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি), বিএআরসি, ঢাকা।
২৫. জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার, বিএআরসি, ঢাকা।
২৬. ড. মোহাম্মদ রেজওয়ান মোল্লা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
২৭. ড. মোঃ জামাল উদ্দীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
২৮. ড. মোঃ জহিরুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
২৯. ড.কাজী নূর-এ-আলম জুয়েল, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (বন), বিএআরসি, ঢাকা।
৩০. ড. মোঃ শাহজাদ কুলি খান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য), বিএআরসি, ঢাকা।
৩১. ড. পান্না আলী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
৩২. ড. মাসুদ রানা , প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রাণি সম্পদ), বিএআরসি, ঢাকা।
৩৩. ড. শিরিন সুলতানা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য), বিএআরসি, ঢাকা।
৩৪. ড. মোঃ শফিকুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (এইআরএস), বিএআরসি, ঢাকা।
৩৫. ড. আহমেদ নুমেরী আশফাকুল হক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা), বিএআরসি, ঢাকা।
৩৬. জনাব মোহাম্মদ মাহবুবুল হাসান, উপ-পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা।
৩৭. জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপ-পরিচালক (হিসাব), বিএআরসি, ঢাকা।
৩৮. জনাব মোঃ হানিফ, সিস্টেম এনালিষ্ট (কম্পিউটার ও জিআইএস ইউনিট), বিএআরসি, ঢাকা।
৩৯. জনাব মির্জা তোছাদ্দেক হোসেন, নির্বাহী প্রকৌশলী, বিএআরসি, ঢাকা।
৪০. ড. মোঃ তৈয়বুর রহমান, সিনিয়র সহকারী পরিচালক (প্রকিউরমেন্ট) ও প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (অ.দা.), বিএআরসি, ঢাকা।
৪১. জনাব কে এম আলী হায়দার, সিনিয়র সহকারী পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা।
৪২. জনাব মোঃ সাজ্জাদুর রহমান সরকার, সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার, বিএআরসি, ঢাকা।
৪৩. জনাব মোঃ মমিনুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক (অডিট), বিএআরসি, ঢাকা।
৪৪. জনাব কামরুল হাসান, সিনিয়র সহকারী পরিচালক (বাজেট), বিএআরসি, ঢাকা।
৪৫. ড. মোছাঃ সুফরা আক্তার বানু, সিনিয়র সায়েন্টিফিক এডিটর, বিএআরসি, ঢাকা।
৪৬. জনাব আল-হেলাল, প্রোগ্রামার, কম্পিউটার ও জিআইএস ইউনিট, বিএআরসি, ঢাকা।

| ক্র. নং | নাম, পদবী ও ঠিকানা |
|---|---|
| ৪৭. | জনাব মোঃ আল-আমিন, প্রটোকল অফিসার, প্রশাসন ও অর্থ বিভাগ, বিএআরসি, ঢাকা। |
| ৪৮. | ড. মোঃ খোরশেদ আলম, সিনিয়র ট্রেনিং অফিসার, বিএআরসি, ঢাকা। |
| ৪৯. | ড. মোঃ ইকবাল হোসেন, সিনিয়র সায়েন্টিফিক অফিসার (প্রযুক্তি হস্তান্তর), বিএআরসি, ঢাকা। |
| ৫০. | ড. মোঃ আনোয়ারুল হক, সিনিয়র সায়েন্টিফিক অফিসার (প্রযুক্তি হস্তান্তর), বিএআরসি, ঢাকা। |
| ৫১. | জনাব সোহাগ ফকির, সহকারী পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা। |
| ৫২. | জনাব মোঃ জুবাইর রেজা, সিনিয়র সহকারী পরিচালক (হিসাব) (চ.দা.), বিএআরসি, ঢাকা। |
| ৫৩. | জনাব মোহাম্মদ তৌফিকুর রহমান, সহকারী পরিচালক (কমন সার্ভিস), বিএআরসি, ঢাকা। |
| ৫৪. | জনাব এস. এম. মোস্তাফিজুর রহমান, একান্ত সচিব, বিএআরসি, ঢাকা। |
| ৫৫. | জনাব মোঃ সাইমুম হাসান ইনফরমেশন অফিসার, বিএআরসি, ঢাকা। |
| ৫৬. | জনাব মোহাম্মদ নাজমুল ইসলাম, গ্রাফিক্স ডিজাইনার, বিএআরসি, ঢাকা। |
| ৫৭. | জনাব মোঃ নূরে আলম উজ্জল, ডাটা এন্ট্রি অফিসার, বিএআরসি, ঢাকা। |
| ৫৮. | জনাব রাশেদুল ইসলাম, ডাটা এন্ট্রি অফিসার, বিএআরসি, ঢাকা। |
| ৫৯. | জনাব মোঃ ফকরুল হাসান, সহকারী পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা। |
| ৬০. | জনাব আয়েশা সিদ্দিকা, সহকারী পরিচালক (সংগ্রহ), বিএআরসি ঢাকা। |
| ৬১. | জনাব কাজী গোলাম আজম, সহকারী পরিচালক (অডিট) (চ.দা.), বিএআরসি ঢাকা। |
| ৬২. | জনাব মোঃ মনোয়ার হোসেন, উপ-সহকারী প্রকৌশলী (প্রেষণ), বিএআরসি, ঢাকা। |
| ৬৩. | জনাব আবু হাশিম মোস্তফা কামাল, নিরাপত্তা কর্মকর্তা, বিএআরসি, ঢাকা। |
| ৬৪. | জনাব মোঃ ওয়াসিউজ্জামান, জুনিয়র বিবলিওগ্রাফিক অফিসার, বিএআরসি ঢাকা। |
| ৬৫. | জনাব মাধব বনিক, সাইট ইঞ্জিনিয়ার, বিএআরসি ঢাকা। |